চুয়াডাঙ্গার জীবননগরে বৈশাখী মেলার নামে চলছে জুয়ার আসর

চুয়াডাঙ্গা জেলার জীবননগর মনোহরপুর আমতলা ফসলী মাঠে বৈশাখী মেলার নামে চলছে জুয়ার আসর। প্রশাসনের নাকের ডগায় প্রকাশ্যে এ জুয়ার আসর বসানো হলেও সবাই রয়েছেন নির্বিকার। জুয়ার আসরের খবরই জানে না উপজেলা ও পুলিশ প্রশাসন। ফসলী জমিতে বৈশাখী মেলার নামে এ জুয়ার আসর চলছে।

জানা গেছে, প্রতিবছর একটি সিন্ডিকেট বৈশাখী মেলার নামে যাত্রা সার্কাসের আড়ালে উলঙ্গ নৃত্য গভীর রাতে মাদক বিকিনিকি জুয়ার বোর্ড র্যাফেল ড্র নামে চলছে রমরমা জুয়ার আসর।

২৫ এপ্রিল থেকে শুরু হয়েছে এ মেলার আনুষ্ঠানিকতা প্রশাসনের নাকের ডোগায় প্রকাশ্য র্যাফেল ড্র টিকিট বিক্রি চলছে মাইকিং করে থানা প্রশাসন ও উপজেলা প্রশাসনের সামনে। প্রতিদিন খুব সকাল থেকে রাত ১০ টা অবদি প্রায় ১০০ মতো ভ্যান, ইজিবাইকে করে উচ্চ স্বরে মাইক বাজিয়ে বড়ো অংকের পুরস্কারের লোভ দেখিয়ে রেফাল ড্র নামে জুয়ার টিকিট বিক্রি চলছে উপজেলা প্রশাসনের নাকের ডোগায়। মনোহরপুর মাঝের পাড়া আবাসন জামে মসজিদের সাধারণ সম্পাদক মাসুদুর রহমান খাঁন বলেন সিরু, মোস্ত, সেন্টু সহ একটি সিন্ডিকেট প্রতি বছর বিভন্ন প্রতিষ্ঠানের নামে কোন সময় মুক্তিযোদ্ধা সংসদ, কোন সময় নাম সর্বস্ব ক্লাবের নামে বৈশাখী মেলার নামে এ জুয়ার আসর করে থাকেন, এ সিন্ডিকেটের খুঁটির জোর কোথায়? এলাকায় চুরি, ডাকাতি বেড়ে যায় এ জুয়ার আসর বসার সাথে সাথে।

মনোহরপুর ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি আনিছুর রহমান শিমুল মল্লিক বলেন মেলার নামে এ জুয়া ও উলঙ্গ নৃত্য শুরু হওয়ার দিনই মনোহরপুর বাসস্ট্যান্ড জামে মসজিদের দান বাক্স সহ বেশ কয়েক টিওবয়েল চুরি হয়েছে। এলাকার মানুষ বিক্ষুব্ধ হয়ে গেছে যে কোন সময় ঘটতে পারে অপ্রীতিকর ঘটনা।

সরজমিনে দেখা গেছে, মেলা মাঠের পশ্চিম পাশে প্রতিদিন বিভিন্ন ধরনের স্টল ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হলেও দক্ষিণ পাশের অংশে মাঠের মধ্যে বিভিন্ন জায়গায় বসানো হয়েছে জুয়ার আসর। রাত সাড়ে ১০টার মধ্যে এ মেলার সব আয়োজন বন্ধ করার কথা থাকলেও

শুধু জমজমাট জুয়ার আসর টিকিয়ে রাখতে গভীর রাত পর্যন্ত চলে জুয়ার রমরমা বাণিজ্য। জেলার বিভিন্ন এলাকা থেকে লোকজন আসছে এ জুয়ার আসরে। প্রতিটি জুয়ার বোর্ডে প্রতি রাতে হাজার হাজার টাকার জুয়াখেলা হচ্ছে।

স্থানীয় উপজেলা ও পুলিশ প্রশাসনকে ম্যানেজ করেই প্রতিদিন উপজেলা শহরের ব্যস্ততম এলাকা মনোহরপুর আমতলা মাঠে প্রকাশ্যে এ জুয়ার বোর্ড চালানো হচ্ছে। প্রতিদিন উপজেলা প্রশাসন কে মোটা অংকের টাকার বিনিময়ে রফাদফা করে এ জুয়ার আসর চালাচ্ছে স্থানীয় একটি প্রভাবশালী গ্রুপ। অবশ্য এসব অভিযোগ অস্বীকার করেছেন উপজেলা নির্বাহী কর্মকর্তা তিনি বলেন বৈশাখীর মেলার অনুমোদন আছে তবে জুয়া বা র্যাফেল ড্র অনুমোদন দেওয়া হয়নি আপনি বলেছেন এখনি ব্যবস্হা নেব।

জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা বলেন মেলার নামে কোন প্রকার জুয়া বা অশ্লীলতা মেনে নেওয়া হবে না আমি উপজেলা নির্বাহী কর্মকর্তাকে নির্দেশ দিচ্ছি ব্যবস্থা গ্রহণের জন্য। ১৫টি জায়গায় কাপড় টানিয়ে বসানো হয়েছে এ জুয়ার আসর। আর এসব জুয়ার বোর্ড থেকে নির্দিষ্ট অংকের টাকা তুলছেন নিজেই। কথা হয় মেলা আয়োজক কমিটির অন্যতম সিরু ওরফে জুয়া সিরুর সাথে তিনি দম্ভের সাথে বলেন জুয়া জুয়া না, এটাও বৈশাখী মেলার একটা অংশ আমরা প্রশাসন কে ম্যানেজ করে এসব করছি লেখা লেখি করে কোন কিছুই হবে না।এ বিষয়ে জেলা প্রশাসক বিভাগীয় কমিশনারের হস্তক্ষেপ কামনা করছে এলাকাবাসী।

জীবননগর উপজেলা প্রশাসনের উদ্যোগে পানি, স্যালাইন ও শরবত বিতরণ

জীবননগরে উপজেলা প্রশাসনের উদ্যোগে ঠান্ডা পানি, খাবার স্যালাইন ও শরবত বিতরণ করা হয়েছে।

আজ শনিবার বেলা ১২টার সময় জীবননগর বাসস্ট্যান্ডের উন্মুক্ত

মঞ্চের সামনে জীবননগর উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজ বিভিন্ন শ্রমজীবী, পেশাজীবী ও পথচারীদের মাঝে বিশুদ্ধ পানি খাওয়ার স্যালাইন ও লেবুর শরবত বিতরণ করেন।

এ সময় উপস্থিত ছিলেন জীবননগর প্রেসক্লাবের সভাপতি সাংবাদিক এম আর বাবু, জীবননগর সাংবাদিক সমিতির সভাপতি জাহিদ বাবু, সাংবাদিক মাজেদুল মিল্টন, রিপন মিয়া, প্রমূখ অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন উপজেলা নির্বাহী অফিসারের সি,এ মোঃসালাউদ্দিন।

জীবননগরের সেনেরহুদায় বিদ্যুৎস্পৃষ্ট যুবকের মৃত্যু

চুয়াডাঙ্গার জীবননগরে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে সম্রাট হোসেন (২৪) নামে এক যুবকের মৃত্যু হয়েছে। আজ শনিবার দুপুর ৩টার দিকে দিকে উপজেলার উথলী ইউনিয়নের সেনেরহুদা গ্রামে এই ঘটনা ঘটে। নিহত সম্রাট হোসেন একই গ্রামের জিরো পয়েন্ট এলাকার লিয়াকতের ছেলে।

নিহতের পারিবারিক সূত্রে জানা যায়, অন্যান্য দিনের ন্যায় আজ শনিবার দুপুরে গোয়ালে ঢুকে নিজের দুটি গরুকে গোসল করান সম্রাট। রোজা রাখা অবস্থায় অত্যন্ত গরমের কারণে এ সময় তিনি মোটরের পানি দিয়ে নিজেকেও ভিজিয়ে নেন। পরে সেখান থেকে বের হওয়ার সময় গোয়ালের ভেতর ঝুলতে থাকা একটি তারে অসাবধানতাবশত বিদ্যুৎস্পৃষ্ট হন।

বাড়ির লোকজন তাকে উদ্ধার করে দ্রুত জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক পরীক্ষা- নিরীক্ষা শেষে তাকে মৃত ঘোষণা করেন। খবর পেয়ে সঙ্গীয় অফিসার ফোর্স নিহতের বাড়িতে উপস্থিত হন জীবননগর থানার ওসি (তদন্ত) একরামুল হোসাইন। বিস্তারিত তথ্য যাচাই-বাছাই শেষে লাশ দাফনের অনুমতি প্রদান করে পুলিশ। সেনেরহুদা কেন্দ্রীয় ঈদগাহ ময়দানে জানাজা শেষে গতকাল শনিবার রাতেই নিহতের লাশ ওই গ্রামের জান্নাতুল খাদরা কবরস্থানে দাফন করা হবে।

জীবননগরে সংবাদ সংগ্রহ করতে গিয়ে হামলার শিকার ৩ সাংবাদিক, গ্রেফতার ১

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার মনোহরপুরে সাংবাদিকদের ওপর হামলার ঘটনায় প্রধান আসামি ইউনিয়ন পরিষদের সদস্য আব্দুর রশিদকে গ্রেপ্তার করেছে পুলিশ।

আজ শুক্রবার তাঁকে গ্রেফতার করে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়। বিষয়টি নিশ্চিত করেন জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এসএম জাবীদ হাসান।

তিনি বলেন, সাংবাদিকের ওপর হামলায় ঘটনায় মো. মিঠুন থানায় লিখিত অভিযোগ করেছিল। পরে সেটি মামলা হিসেবে রেকর্ড করা হয়েছে। অভিযান চালিয়ে মামলার এক নম্বর আসামি আব্দুর রশিদকে গ্রেফতার করা হয়েছে। তাঁকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।

মাই টিভি ও সময়ের সমীকরণের প্রতিনিধি মো. মিঠুন বলেন, গতকাল বৃহস্পতিবার একটি গোপন সূত্রে জানতে পারি, মনোহরপুর ইউনিয়ন পরিষদের ১ নম্বর ওয়ার্ডের সদস্য ও মৃত ফকির চাঁদের ছেলে আব্দুর রশিদ দীর্ঘদিন যাবত গোপনে কৌশল অবলম্বন করে অন্য মানুষের ভুয়া নাম ব্যবহার করে টিসিবির কার্ড তৈরি করে টিসিবির পণ্য আত্মসাৎ করছেন। তিনি সম্প্রতি বেশ কয়েকজনের টিসিবির পণ্য তুলে বাড়ি নিয়ে গেছেন। এমন সংবাদ পেয়ে আমি, সাংবাদিক এআর ডাবলু ও তুহিন তথ্যের সত্যতা যাচাই করতে গিয়েছিলাম।

জিজ্ঞাসার একপর্যায়ে আব্দুর রশিদের স্ত্রী বলেন, তার স্বামী টিসিবির পণ্য রান্না ঘরে এনে রেখেছন। আমরা সেখানে টিসিবির দুই বস্তা চাল আর কিছু টিসিবির তেল দেখতে পাই। আমাদের উপস্থিতি টের পেয়ে ইউপি সদস্য আব্দুর ক্ষিপ্ত হয়ে গালাগালি করতে থাকেন। একপর্যায়ে আব্দুর রশিদ (৪২) তার ভাই তরিকুল ইসলাম তরির (৪৬) নেতৃত্বে আব্দুর রশিদের ছেলে আমির হামজা অঙ্কন (২৫), মৃত মাহাতাব উদ্দিনের ছেলে মো. হাসিবুর রহমান সুমনসহ (৩০) আরও ৪/৫ জন আমাদের

ওপর হামলা করেন। এসময় আমাদের কাছ থেকে ক্যামেরা ভাঙচুর করে। পরে আমি জীবননগর থানায় একটি মামলা দায়ের করলে পুলিশ অভিযান চালিয়ে ১নং আসামিকে আটক করেছে তবে এ ঘটনার আমি সুষ্ঠ বিচার চাই। এদিকে শুক্রবার বিকাল সাড়ে ৪টার সময় জীবননগর উপজেলা নিবাহী অফিসার হাসিনা মমতাজ আব্দুর রশিদ মেম্বারের বাড়িতে সরেজমিনে তদন্ত করেন।

জীবননগর সাংবাদিক সমিতির সভাপতি জাহিদ বাবু ও জীবননগর প্রেস ক্লাবের সভাপতি এম আর বাবু জীবননগরে সাংবাদিকদের উপর হামলার ঘটনার সাথে জড়িত ইউপি সদস্য আঃ রশি কে আটক করায় জীবননগর সাংবাদিকদের পক্ষ থেকে জীবননগর থানা পুলিশকে সাধুবাদ জানান।

জীবননগরে মহান স্বাধীনতা দিবস পালিত

জীবননগরে বিভিন্ন অনুষ্ঠান উদ্দিপনার মধ্যে দিয়ে ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস পালিত হয়েছে। মঙ্গলবার সকালে ৩১বার তোপধ্বনির মধ্যে দিয়ে শুরু হয় ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবসের শুভ সূচনা ।

পরে সকাল ৮টার সময় জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস উপলক্ষে জীবননগর থানা পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠে ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস উপলক্ষে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশগ্রহনের মাধ্যমে কুচকাওয়াজ ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাফিজুর রহমান।বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জীবননগর পৌর সভার মেয়র মোঃ রফিকুল ইসলাম,জীবননগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি নজরুল ইসলাম,সাধারন সম্পাদক আবু মোঃ আব্দুল লতিফ অমল,জীবননগর উপজেলা আওয়ামীলীগের সাবেক সভাপতি গোলাম মোর্তুজা,জীবননগর উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান মোশারফ হোসেন,জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ইশা,মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী,জীবননগর থানার

অফিসার ইনচার্জ (ওসি)এস,এম জাবিদ হাসান প্রমুখ

জীবননগর উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত

জীবননগর উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার সকাল সাড়ে দশটার সময় জীবননগর উপজেলা পরিষদের আয়োজনে উপজেলা পরিষদের সভাকক্ষে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমানের সভাপতিত্বে মাসিক আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য হাজী মোহাম্মদ আলী আজগর টগর।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজ, জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ইশা, জীবননগর পৌরসভার মেয়র রফিকুল ইসলাম, জীবননগর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েশা সুলতানা লাকি, হাসাদহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান রবিউল ইসলাম বিশ্বাস, রায়পুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান তাহাজ্জত মির্জা, সীমান্ত ইউপি চেয়ারম্যান ইসাবুল ইসলাম মিল্টন, বাঁকা ইউপি চেয়ারম্যান আব্দুল কাদের প্রধান প্রমুখ।

জীবননগরে স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতিমুলক

সভা

জীবননগরে ১৭মার্চ জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস, ২৫মার্চ গণহত্যা দিবস এবং ২৬মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতিমুলক সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকাল সাড়ে ১০টার সময় জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদের হলরুমে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা নিবাহী অফিসার হাসিনা মমতাজের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর থানা আওয়ামীলীগের সাধারন সম্পাদক আবু মোঃ আব্দুল লতিফ অমল, উপজেলা আওয়ামীলীগের সাবেক সভাপতি গোলাম মোতুজা, জীবননগর থানার অফিসার ইনচার্জ ওসি এস,এম জাবীদ হাসান, উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, উপজেলা পরিষদের সকল দপ্তরের কর্মকর্ত প্রমুখ।

জীবননগরে আলী আজগার টগর এমপিকে সংবধনা দিলেন মুক্তিযোদ্ধা কমান্ড

চুয়াডাঙ্গা-২ আসন থেকে চার বার সংসদ সদস্য নিবাচিত হওয়ায় চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগরকে সংবধনা প্রদান করা হয়েছে।

গতকাল রোববার দুপুর সাড়ে ১২টার সময় জীবননগর উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডের বীর মুক্তিযোদ্ধা গনের পক্ষ থেকে উপজেলার সীমান্ত ইউনিয়নের নতুন পাড়া ফরমান মন্ডলের বাগান বাড়িতে এ সংবধনা প্রদান করা হয়।

জীবননগর উপজেলা নিবাহী অফিসার হাসিনা মমতাজের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা সমাজসেবা অফিসার জাকির উদ্দিন মোড়ল, বীর মুক্তিযোদ্ধা সাইদুর রহমান, বীর মুক্তিযোদ্ধা দলিল উদ্দিন দলু,জীবননগর উপজেলা আওয়ামীলীগের সাবেক সভাপতি গোলাম মোতুজা, জীবননগর পৌর আওয়ামীলীগের সাধারন সম্পাদক মোঃ জাহাঙ্গীর আলম, সীমান্ত ইউপি চেয়ারম্যান ইসাবুল ইসলাম মিল্টন প্রমুখ।

জীবননগরে নানা আয়োজনে ৭ মার্চ উদযাপন

জীবননগরে নানা আয়োজনে ঐতিহাসিক ৭ মার্চ উদযাপন করা হয়েছে। এ উপলক্ষে গতকাল বৃহস্পতিবার সকাল সাড়ে ১০টায় উপজেলা পরিষদ মিলনায়তনে আলোচনা সভার আয়োজন করা হয়।

এর আগে সংগীত ও নৃত্য, বঙ্গবন্ধুর ৭ মার্চের ঐতিহাসিক ভাষণ প্রতিযোগতা, স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ বিষয়ক ছাড়া ও কবিতা আবৃত্তি এবং বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

পরে বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়। জীবননগর উপজেলা নির্বাহী কর্মকর্তা হাসিনা মমতাজের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান মো. হাফিজুর রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈসা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েশা সুলতানা লাকী, উপজেলা কৃষি কর্মকর্তা মনিরুজ্জামান, জীবননগর থানার পরিদর্শক (তদন্ত) আবু সাঈদ, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা দীন ইসলাম প্রমূখ।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন উপজেলা একাডেমিক সুপারভাইজার সৈয়দ আব্দুল জব্বার।

জীবননগর উপজেলা চেয়ারম্যান প্রার্থী লিটনের সাংবাদিকদের সাথে মতবিনিময় সভা

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলায় কর্মরত সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় করছেন উপজেলা পরিষদের চেয়ারম্যান প্রার্থী মাইটিভির সিনিয়র রিপোর্টার এসকে লিটন।

আজ বুধবার বিকেলে জীবননগর হাসপাতাল রোডে এসকে লিটনের অফিসে এই মতবিনিময় সভার আয়োজন করা হয়। সিনিয়র সাংবাদিক শামসুল আলমের সভাপতিত্বে ও চাষী রমজান সঞ্চালনা মতবিনিময় সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তিলাওয়াত করেন হাফেজ আবু বক্কর।

সভায় স্বাগত বক্তব্যে এসকে লিটন বলেন, আমি সকল সাংবাদিকদের নিজের ভাই মনে করি। আপনারাও হয়তো তা-ই মনে করেন। আমি উপজেলা পরিষদ নির্বাচনে চেয়ারম্যান প্রার্থী হবো। আমি জীবননগরের উন্নয়নে কাজ করতে চাই। এলাকার জনগণের আশা আকাঙ্খা পূরণ করতে চাই। আমার যদি কোনো ভুল থাকে আপনারা ধরিয়ে দেবেন। আপনাদের পরামর্শ থাকলে আপনারা দেবেন।

এসকে লিটন আরও বলেন, আমি সেবা করতে এসেছি, আপনারা পাশে থাকবেন। আমি উপজেলায় নির্বাচন করতে এসেছি জনগণের জন্য আমি মনে করি আমার সঙ্গে থাকলে আপনাদের সম্মান খুণ্ন হবে। আমি আপনাদের সম্মান রাখার চেষ্টা করবো।

সভায় উপস্থিত ছিলেন জীবননগর প্রেসক্লাবের সভাপতি এমআর বাবু, জীবননগর সাংবাদিক সমিতির সভাপতি জিএ জাহিদুল ইসলাম জাহিদ বাবু, সাধারণ সম্পাদক জামাল হোসেন খোকন, সাংবাদিক মতিয়ার রহমান, মানিক, মিথুন, ফেরদৌস ওয়াহিদ, মুতাছিন বিল্লাহ, মাজেদুল মিল্টন,

এ আর ডাবলু , রকি, হাকিম , সাকিল প্রমুখ।